# মেডিকেয়ারের ছাড় এবং প্রাইভেট চিকিৎসকের শরণাপন্ন হওয়া

## MEDICARE REBATES

Bengali

WayAhead
Mental Health Association NSW

# মেডিকেয়ারের ছাড় এবং প্রাইভেট চিকিৎসকের শরণাপন্ন হওয়া

**WayAhead**
**Mental Health Information Service**
**Level 5, 80 William St**
**Woolloomooloo NSW 2011**

**1300 794 991**
**info@wayahead.org.au**
**www.wayahead.org.au**

তথ্যপত্রটি লিখেছেন

WayAhead Mental Health Association NSW

তথ্যপত্রটি অনুবাদ করেছেন

NSW Government Health South Eastern Sydney Local Health District

# বিষয়বস্তু

## প্রশ্নাবলী

মেডিকেয়ারের ছাড় কী?

আমি যদি অসুস্থ হই তাহলে কার সাথে যোগাযোগ করা উচিৎ?

কীভাবে আমি প্রাইভেট মানসিক চিকিৎসক দেখাতে পারি?

## সাহায্যের জন্য আমি কোথায় যাব?

ট্র্যান্সকালচারাল মেন্টাল হেলথ সেন্টার

WayAhead মেন্টাল হেলথ ইনফরমেশন লাইন

অস্ট্রেলিয়ান সাইকোলজিক্যাল সোসাইটি

মেডিকেয়ার লাইন

আপনার স্থানীয় ডাক্তার (জিপি)

“কিছু কিছু রোগী সেরে ওঠে, কারণ তারা তাদের ডাক্তারের উপর বিশ্বাস রাখে”

হিপোক্রেইটস

# মেডিকেয়ারে ছাড় কী?

মেডিকেয়ার অস্ট্রেলিয়ার অধিবাসীদের জন্য স্বাস্থ্যসেবা নেয়ার সুযোগ দেয়। আপনি যখন কোনো স্বাস্থ্যবিষয়ক পেশাজীবীর কাছ থেকে পরামর্শ করেন তখন সরকার এই ফী এর আংশিক কিংবা পুরোটাই শোধ করে। এই অর্থ প্রদানকে বলা হয় ছাড়। এই ছাড় পেতে হলে আপনার অবশ্যই মেডিকেয়ার কার্ড থাকতে হবে।

আপনার যদি মেডিকেয়ার কার্ড না থাকে তাহলে ১৩২ ২০২ নম্বরে সেন্টারলিংক এর সাথে যোগাযোগ করুন।

আপনি যদি সরকারের কাছ থেকে ভাতা পেয়ে থাকেন তাহলে আপনি একটি হেলথ কেয়ার কার্ড পেতে পারেন। আপনি যখনই ডাক্তারের সাথে দেখা করতে আসবেন, আপনার হেলথ কেয়ার কার্ড সাথে নিয়ে আসবেন। আপনার হেলথ কেয়ার কার্ড আপনাকে কম দামে ওষুধ কিনতে এবং স্বাস্থ্যসেবা পেতে সাহায্য করবে।

স্বাস্থ্যবিষয়ক প্রত্যেক পেশাজীবীর ক্ষেত্রে মেডিকেয়ারের ছাড়ের পরিমাণ ভিন্ন হতে পারে।

# আমি যদি অসুস্থ হই তাহলে কার সাথে দেখা করব?

আপনার যদি নিজের কিংবা অন্য কারও মানসিক স্বাস্থ্য নিয়ে দুশ্চিন্তা হয় তাহলে আপনার স্থানীয় ডাক্তারের (GP) সাথে দেখা করুন। আপনার GP প্রয়োজন হলে আপনাকে একজন মানসিক চিকিৎসকের কাছে পাঠাতে পারেন।

জরুরী পরিস্থিতিতে ০০০ নম্বরে কল করুন

মানসিক স্বাস্থ্য সংক্রান্ত জরুরী পরিস্থিতিতে অনুগ্রহ করে ১৮০০ ০১১ ৫১১ নম্বরে আপনার স্থানীয় মানসিক চিকিৎসকদের সাথে যোগাযোগ করুন।

# আমি কীভাবে প্রাইভেট মানসিক চিকিৎসকের সাথে দেখা করব?

আপনার জিপি (GP) আপনাকে একজন মনোচিকিৎসক অথবা মনোবিজ্ঞানীর কাছে পাঠাতে পারেন। তাঁরা উভয়েই মানসিকভাবে অসুস্থ লোকদের সাথে কাজ করেন। কিন্তু আপনাকে সেবা দেয়ার ব্যাপারে তাদের দুজনেরই ভূমিকা আলাদা।

- মনোচিকিৎসকেরা স্বাস্থ্যবিষয়ক ডাক্তার। তাঁরা স্বাস্থ্য বিষয়ে লেখাপড়া করেছেন এবং ওষুধের ব্যবস্থাপত্র দিতে পারেন। ওষুধ কীভাবে আপনার ওপর প্রভাব ফেলছে তা তাঁরা পরীক্ষা করে দেখবেন। এঁদের কেউ কেউ আবার মানসিকভাবে অসুস্থ লোকদের অন্য রকম চিকিৎসার মাধ্যমে সারিয়ে তুলতে প্রশিক্ষণ নিয়েছেন।

- মানুষ কীভাবে আচরণ করে, এটা নিয়ে মনোবিজ্ঞানীরা গবেষণা করেন। তাঁরা বিভিন্ন উপায়ে মানুষের পরীক্ষা ও চিকিৎসা করেন।

তাঁরা উভয়েই সরকারি কমিউনিটি স্বাস্থ্য পরিষেবায় অথবা ব্যক্তিগত ব্যবসায়ে কাজ করতে পারেন।

মনোবিজ্ঞানী অথবা মনোচিকিৎসকের সেবা নেয়ার খরচ মেটাতে মেডিকেয়ার আপনাকে সাহায্য করতে পারে। আরও তথ্যের জন্য দয়া করে আপনার জিপি (GP)-র সাথে কথা বলুন।

একজন মনোচিকিৎসক অথবা মনোবিজ্ঞানীর কাছে পাঠানোর জন্য আপনার জিপি (GP)-কে অনুরোধ করুন। আপনার চিকিৎসার একটা পরিকল্পনা তৈরীতে আপনাকে সাহায্য করতে তাদের অনুরোধ করুন। আপনার আরোগ্য লাভের পথে এটা আপনাকে এবং আপনার পরিবারকে সাহায্য করবে।


Help!

# সাহায্যের জন্য আমি কোথায় যাব?

## The WayAhead Directory

একটি অনলাইন তথ্যভাণ্ডার যা নিউ সাউথ ওয়েলস এ মানসিক স্বাস্থ্যসম্পর্কিত সেবার একটি বিস্তারিত তালিকা প্রদান করে।

www.WayAhead.org.au

## কয়েকটি ফোন লাইন

WayAhead মেন্টাল হেলথ ইনফরমেশন লাইন

**1300 794 991**

আপনার স্থানীয় ডাক্তার (জিপি) এর সাথে যোগাযোগ করুন

ট্র্যান্সকালচারাল মেন্টাল হেলথ

**(02) 9840 3800**

মেডিকেয়ার জেনারেল লাইন

**132 001**

অস্ট্রেলিয়ান সাইকোলজিক্যাল সোসাইটি

**1800 333 497**

Interpreter

অনুবাদ ও দোভাষী পরিষেবা
(TIS) 131 450

অনুগ্রহ করে টেলিফোন দোভাষী পরিষেবা (TIS) এর মাধ্যমে মেন্টাল হেলথ ইনফরমেশন লাইনে কল করুন। অস্ট্রেলিয়ার নাগরিক ও স্থায়ী বাসিন্দাদের জন্য ফ্রী।

দ্য রয়্যাল অস্ট্রেলিয়ান এন্ড নিউজিল্যান্ড কলেজ অব সাইকিয়াট্রিস্টস্

**1800 337 448**

## দরকারি ওয়েবসাইট

অস্ট্রেলিয়ান সাইকোলজিক্যাল সোসাইটি

www.psychology.org.au

বেটার এ্যাক্সেস টু মেন্টাল হেলথ কেয়ার

www.health.gov.au/internet/main/publishing.nsf/content/mental-ba-fact-pat

দ্য ডিপার্টমেন্ট অব হেলথ – GP মেন্টাল হেলথ কেয়ার

www.health.gov.au/internet/main/publishing.nsf/content/pacd-gp-mental-health-care-pdf-qa

অস্ট্রেলিয়ান এসোসিয়েশন ফর সোশ্যাল ওয়ার্কার্স

www.aasw.asn.au/practitioner-resources/medicare-mental-health-descritpions



## দায়মুক্তি

এই তথ্য শিক্ষামূলক উদ্দেশ্যে ব্যবহারের জন্য। যেহেতু ব্রোশার কিংবা ওয়েবসাইট কোনোটিই রোগ নির্ণয় করতে পারে না, সে কারণে প্রয়োজন অনুযায়ী পেশাদারী পরামর্শ এবং/অথবা সহায়তা নেয়া গুরুত্বপূর্ণ।

মেন্টাল হেলথ এসোসিয়েশন নিউ সাউথ ওয়েলস এর প্রতি স্বীকৃতি উল্লেখপূর্বক এই তথ্য কপি করা যেতে পারে।

এখানে দেয়া তথ্য সম্পর্কে আপনার মতামত দিতে এসোসিয়েশন আপনাকে উৎসাহ জানায় এবং এ ব্যাপারে আপনার মন্তব্যকে স্বাগত জানায়।

এই তথ্যপত্রটি সর্বশেষ ২০১৬ সালে সেন্ট জর্জ ও সাদারল্যান্ড মেন্টাল হেলথ কর্তৃক রিভিউ করা হয়েছিল।

**"এমন কিছু মানুষের সাথে আমার দেখা হয়েছে যারা বুঝতে পারেন আমি আসলে কী পরিস্থিতির মধ্যে দিয়ে যাচ্ছিলাম।"**

